



অভিনেত্রী
অঞ্জনা রহমান

জীবিত থাকা অবস্থায় জাতীয় চলচ্চিত্র পুরস্কারে ভূষিত করা না হলে, মৃত্যুর পর মরণোত্তর পুরস্কার আমার চাই না। তাই সরকারের কাছে চলচ্চিত্র পরিবারের পক্ষ থেকে আমার বিনীত অনুরোধ, মরণোত্তর আজীবন সম্মাননা পুরস্কার বন্ধ করা হোক।



সংগীতশিল্পী
সুজিত
মোস্তফা

গান ভুলে দেওয়া আর গান শেখানোর মধ্যে অনেক পার্থক্য। প্রশিক্ষকদের অনেকেই এই পার্থক্য বুঝতে ব্যর্থ বলে আমার মনে হয়। একজন শিক্ষার্থী সুরে, তালে, লয়ে একটি গান গাইলেন কিন্তু গুরু যদি তার মনে গানটির ভাব, রস এবং অনুভূতির প্রগাঢ়তা তৈরি করতে না পারেন, তবে সেই গান কখনোই তার মর্ম স্পর্শ করবে না।



অভিনেত্রী
জয়া আহসান

এখনই সবাই বড্ড আত্মকেন্দ্রিক হয়ে পড়েছে। সম্পর্ক টিকিয়ে রাখতে পারিবারিক শিক্ষা বা মূল্যবোধের একটা বড় গুরুত্ব রয়েছে। যেকোনো সম্পর্কের ক্ষেত্রেই আমার মনে হয়, সহনশীলতা প্রয়োজন। দাম্পত্যের ক্ষেত্রে বন্ধুত্বটাই আসল। দখল করার মানসিকতা থাকলে সেখানে ভালোবাসাটা কমে যাবে।

শিল্পী হিসেবে আমি নতুন নতুন চরিত্রের স্বাদটাই নিতে চাই। অভিনেতা হিসেবে নিজেকে প্রমাণ করতে চাই। আমি বিশ্বাস করি, অভিনয়টা দা-এর মতো, পড়ে থাকলে জং ধরবে, নিয়ম করে ঘষলে ধার বাড়বে।




অভিনেতা
মুশফিক
ফারহান

আমি নিজেই গান খুব একটা শুনি না। কিন্তু মাঝে মাঝে শুনেই হয়। বিশেষ করে আমার গাওয়া ভক্তীগীতিগুলো শুনি। কেন জানেন? রিমিক্স গান শুনে এতটাই আঁতকে উঠি, চোখে জল চলে আসে। সেই হতাশা থেকে বেরুতে দ্রুত নিজের গানগুলো চালিয়ে দিই। তারপর স্বস্তি পাই।



সংগীতশিল্পী
অনুরাধা
পাড়োয়াল

কান চলচ্চিত্র উৎসবে নির্বাচিত না হলেও সেখানে আপনাদের সিনেমা দেখাতে পারেন। সেখানে অডিটরিয়াম ভাড়া করে লালগালিচা বিছিয়ে দিন। তারপর নিজেদের লোকজন নিয়ে পৌছে যান, ছবি তুলুন আর লোককে সিনেমাটা দেখান। ফিরে এসে বলুন, আমাদের সিনেমা কান চলচ্চিত্র উৎসবে প্রদর্শিত হয়েছে।



অভিনেতা
নওয়াজুদ্দিন
সিদ্দিকী



অভিনেত্রী
রাইমা সেন

জনপ্রিয়তা পাওয়ার জন্য রিলস বানানো আমার পক্ষে সম্ভব নয়। ইনস্টাগ্রাম ফলোয়ার দিয়ে এখন অনেক কিছু বিচার করা হয় ঠিকই। তাই বলে সারাদিন কী করছি, কী খাচ্ছি— এসব পোস্ট করতে পারব না। টালিউডে এ ট্রেন্ডটা বেশি, মুম্বাইয়ের প্রথম সারির অভিনেতারা এসব করেন না।



নির্মাতা
অনুরাগ
কশ্যপ

একটা সময় বলিউডের সিনেমা পৃথিবীর নানা প্রান্তে মুক্তি পেত। আফ্রিকা কিংবা সৌদি আরব— সর্বত্র ভারতীয় সিনেমা প্রভাব দেখা যেত। কিন্তু তারপর আমরা নিজস্বতা হারিয়েছি। এখন বলিউডের সিনেমা হলিউডের অ্যাকশন সিনেমার ব্যর্থ অনুকরণ ছাড়া আর কিছু নয়।



অভিনেত্রী
সাফা কবির

এই ইভান্টিতে অনেক লিমিটেশন থাকার পরও নারীরা প্রচণ্ড পরিশ্রম আর স্যাক্রিফাইস করে কাজ করে যাচ্ছেন। নিজেদের ক্রাফটকে আর উঁচুতে নিয়ে যাচ্ছেন। আপনাদের সবাইকে হ্যাটস অফ। নারীরা এগিয়ে যাচ্ছে আরও এগিয়ে যাবে, সেটা প্রতিটা ক্ষেত্রেই।